**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 13.03.2025** **Desk in Charge : SDG**
**Time : 7.50 PM** **Compiling & NR: DSS**
**DEO : KB**

Opening Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ-

**বিশেষ বিশেষ খবরঃ-**

১/ বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এবং তৃণমূল কংগ্রেস বিধায়ক হুমায়ুন কবিরের মন্তব্যকে কেন্দ্র করে আজ বিধানসভা উত্তপ্ত হয়ে ওঠে।

# মুসলিম বিধায়কদের নিয়ে তাঁর করা মন্তব্যের জন্য রাজ্য বিধানসভায় বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর বিরুদ্ধে আজ একটি নিন্দা প্রস্তাব গৃহীত হয়েছে।

# বিধানসভার চলতি অধিবেশনে বিতর্কিত মন্তব্যের জেরে তৃণমূল কংগ্রেস, ভরতপুরের বিধায়ক হুমায়ুন কবীরকে 'শো কজ' করেছে।

২/ বিধানসভা অধিবেশনে বিজেপি সদস্যদের কাগজ দেয়ার ব্যাপারে জারি নিষেধাজ্ঞা, প্রত্যাহার করে নেওয়া হয়েছে।

৩/ রাজ্য সরকার, গত অর্থবর্ষে স্বাস্থ্যসাথী প্রকল্পে ২ হাজার ৬৯৪কোটি ৬৪ লক্ষ টাকা খরচ করেছে।

৪/ আগামীকাল দোলযাত্রা এবং রঙের উৎসব হোলি।

# রাজ্য সরকার, দোল উৎসবে ঐক্য ও সম্প্রীতি বজায় রাখায় আবেদন জানিয়েছে।

৫/ তথ্য কমিশনার নির্বাচনের জন্য ১৯ তারিখ বৈঠক ডাকা হয়েছে।

*************************************************************

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এবং তৃণমূল কংগ্রেস বিধায়ক হুমায়ুন কবীরের কথিত মন্তব্যকে কেন্দ্র করে আজ বিধানসভা উত্তাল হয়ে ওঠে। বিরোধী দল বিজেপি আজ বিধানসভা থেকে ওয়াক আউট করে। চলতি অধিবেশনের পরপর চারদিন বিরোধী দল কোন না কোন ইস্যুতে বিধানসভা থেকে ওয়াক আউট করল। বিধায়ক হুমায়ূন কবীর ও সিদ্দিকুল্লা চৌধুরী বিরোধী দলনেতার শুভেন্দু অধিকারীকে হুমকি দিয়েছেন বলে বিজেপির অভিযোগ। এতে শুধু বিরোধী দলনেতা নয়, সারা রাজ্যের সাধারণ মানুষ ও ভীত বলে দাবি করে আজ অধ্যক্ষের দৃষ্টি আকর্ষণ করেন বিজেপির বিধায়করা। তবে অধ্যক্ষ এ বিষয়ে কোনও আলোচনা করতে দেননি। এরই প্রতিবাদে ওয়াক আউট করেন বিজেপি বিধায়করা।

বিধানসভার বাইরে বিজেপির মুখ্য সচেতক শঙ্কর ঘোষ বলেন, তৃণমূল কংগ্রেস রাজ্যে সংখ্যালঘু তোষণ করছে। বিরোধীদের কথা বলতে দেওয়া হচ্ছে না।

**********************

মুসলমান বিধায়কদের বিরুদ্ধে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর কথিত বিতর্কিত মন্তব্যের প্রেক্ষিতে আজ বিধানসভায় একটি নিন্দা প্রস্তাব আনা হয়েছে। ধ্বনী ভোটে সেটি গৃহীত হয়। তৃণমূল কংগ্রেসের মুখ্য সচেতক নির্মল ঘোষ প্রস্তাবটিসভায় উত্থাপন করেন। শুভেন্দু অধিকারী ওই বিতর্কিত মন্তব্যের মাধ্যমে দেশের ধর্মীয় এবং সামাজিক কাঠামোকে আঘাত করেছেন বলে প্রস্তাবে উল্লেখ করা হয়েছে।

উল্লেখ্য, শুভেন্দু অধিকারী বলেছিলেন, যে ক্ষমতায় এলে বিধানসভা থেকে মুসলমান বিধায়কদের ছুঁড়ে ফেলা হবে। বিধানসভায় দাঁড়িয়ে শুভেন্দুর এই বক্তব্যের তীব্র নিন্দা করেছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। বিজেপি রাজ্যে ভুয়ো হিন্দুত্ববাদ আমদানির চেষ্টা করছে বলে মন্তব্য করেন তিনি।

**********************

বিধানসভার ঘটনা প্রবাহ পুরোটাই মুখ্যমন্ত্রীর নির্দেশে বলে কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী মন্তব্য করেছেন। আজ সাংবাদিকদের কাছে তিনি বলেন, বিজেপি ও তৃণমূল একে অপরের পরিপূরক, দুই দলই চায় সাম্প্রদায়িক রাজনীতি চালিয়ে যেতে। যাদবপুর বিশ্ব বিদ্যালয়ে পুলিশ মোতায়েনের সিদ্ধান্তের সমালোচনা করেছেন অধীর বাবু।

*********************

বিধানসভার চলতি অধিবেশনে বিতর্কিত মন্তব্যের জেরে সভার তৃনমূল কংগ্রেস পরিষদীয় শৃঙ্খলারক্ষা কমিটি, ভরতপুরে দলের বিধায়ক হুমায়ুন কবীরকে আরও একবার শো কজ বা কারন দর্শানোর নোটিশ জারি করেছে। তাকে চব্বিশ ঘন্টার মধ্যে জবাব দিতে বলা হয়েছে। অন্যদিকে মন্ত্রিসভার সদস্য সিদ্দিকুল্লা চৌধুরীকেও সতর্ক করা হয়েছে বলে পরিষদীয় দপ্তর সূত্রে জানা গিয়েছে।

*********************

মুখ্যমন্ত্রী ও রাজ্য সরকারের বিরুদ্ধে অসত্য ও অবমাননাকর তথ্য বিধানসভায় পেশ করার অভিযোগ অভিযুক্ত খড়গপুরের বিধায়ক হিরণময় চট্টোপাধ্যায় (হিরণ) বিরুদ্ধে বিধানসভায় স্বাধিকার ভঙ্গের প্রস্তাবের প্রেক্ষিতে অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় তাঁকে সতর্ক করে দিয়েছেন। ঘুষ দিয়ে রাজ্য সরকার স্কচ পুরস্কার পেয়েছে বিধানসভায় এমন অভিযোগ করেছিলেন এই বিজেপি বিধায়ক ।

এই অভিযোগের ভিত্তিতে তাঁর বিরুদ্ধে আনা স্বাধীকার ভঙ্গের নোটিশের জবাব দিয়েছেন হিরণ। তাঁর জবাবের প্রেক্ষিতে অধ্যক্ষ জানান, হিরণ চট্টোপাধ্যায় যে জবাব দিয়েছেন সঠিক তথ্যের উপর ভিত্তি করে নয়। তিনি প্রথম বারের বিধায়ক, তাই এটি তাঁর অনিচ্ছাকৃত ভুল ধরে নিয়ে তাকে মার্জনা করা হচ্ছে। ওই বিধায়ককে নিজের ভুল স্বীকার করে নিতে এবং আগামী দিনে এমন দ্বায়িত্বজ্ঞানহীন আচরণ থেকে বিরত থাকতে অধ্যক্ষ অনুরোধ জানান।

*********************

বিধানসভার অধিবেশনে বিজেপি সদস্যদের কাগজ দেওয়ার ব্যাপারে জারি নিষেধাজ্ঞা প্রত্যাহার করে নেওয়া হল। অধিবেশনের পরবর্তী দিন থেকে তাঁরা কার্যবিবরণীর কাগজ পাবেন বলে অধ্যক্ষ বিমান বন্দোপাধ্যায় জানিয়েছেন। আজ অধিবেশনের শুরুতে এই নির্দেশ দিয়ে অধ্যক্ষ বিরোধী পক্ষের মুখ্য সচেতক শংকর ঘোষের উদ্দেশে বিধানসভার নিয়ম রীতি মেনে চলার আবেদন জানান। পরবর্তী কালে বিরোধীরা এধরণের আচরণ থেকে বিরত থাকবেন বলেও তিনি আশা প্রকাশ করেন।

**********************

কলকাতার সঙ্গে উত্তর শহরতলীর সংযোগকারী গুরুত্বপূর্ণ রাজ্য সড়ক কল্যানী এক্সপ্রেসওয়ে সম্প্রসারণের কাজ চলতি বছরেই শেষ হবে। ইতিমধ্যেই ওই রাস্তার অধিকাংশ অংশে চারটি লেন তৈরি কাজ সম্পন্ন। তবে রাস্তা উঁচু হয়ে যাওয়ার ফলে কল্যানী এক্সপ্রেসওয়ের দুপাশে বসবাসকারীরা জমা জল নিয়ে সমস্যায় পড়ছেন। সেই সমস্যা থেকে তাঁদের মুক্তি দিতে রাস্তার উন্নয়নের পাশাপাশি নিকাশি পরিকাঠামো গড়ে তোলার উপর জোর দেওয়া হচ্ছে।

জল জমার সমস্যার স্থায়ী সমাধান খুঁজতে আজ বিধানসভায় পুরমন্ত্রী ফিরহাদ হাকিমের পৌরহিত্যে এক বৈঠক বসে। বৈঠকে পূর্তমন্ত্রী পুলক রায়, ব্যারাকপুরের সাংসদ পার্থ ভৌমিক, দমকল মন্ত্রী সুজিত বসু, খাদ্যমন্ত্রী রথীন ঘোষ সহ এলাকার বিধায়করা উপস্থিত ছিলেন। উত্তর ২৪ পরগনার জেলাশাসক শরদ কুমার দ্বিবেদীও ছিলেন ওই বৈঠকে । সেখানে নিকাশি পরিকাঠামো তৈরির পাশাপাশি রাস্তার দুপাশের জলাশয়গুলিতে ড্রেজিং করে তার জলধারণ ক্ষমতা বাড়ানোর নির্দেশ দেওয়া হয়েছে।

**********************

সদ্য বিজেপি ছেড়ে তৃণমূল কংগ্রেসে যোগ দেওয়া হলদিয়ার বিধায়ক তাপসী মণ্ডলকে রাজ্যের নারী উন্নয়ন পর্ষদের চেয়ারপার্সন করা হয়েছে। নারী , শিশু ও সমাজকল্যাণ দফতরের অধীন ওই পর্ষদে তাঁর সঙ্গে রয়েছেন আরও ৬ জন আইএএস-ডব্লুবিসিএস আধিকারিক। তার এই পদ প্রাপ্তিকে বিরোধীরা দল বদলের পুরস্কার বলে কটাক্ষ করেছেন।

********************

স্বাস্থ্যসাথী প্রকল্পের আওতায় আট কোটি ৭২ লক্ষ মানুষ চিকিৎসা পরিষেবা পেয়েছেন বলে স্বাস্থ্য প্রতিমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য আজ বিধানসভায় জানিয়েছেন। এক তৃণমূল কংগ্রেস বিধায়কের প্রশ্নের জবাবে তিনি জানান, রাজ্য সরকারের নিজস্ব এই স্বাস্থ্য সেবা প্রকল্পে নাম নথিভুক্ত করেছেন ২'কোটি ৪৪ লক্ষ পরিবার।

সরকার ২০২১-২২ অর্থবর্ষে স্বাস্থ্যসাথী প্রকল্পে ২'হাজার ২৬৩ কোটি টাকা ব্যয় করেছে বলে মন্ত্রী জানান।

********************

রাজ্য সরকার , তথ্য কমিশনার নির্বাচনের জন্যে একটি কমিটি গঠন করেছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির নেতৃত্বে তিন সদস্যের এই কমিটিতে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী ছাড়াও আছেন পরিষদীয় মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায় ।

এদিকে কমিশনার নিয়োগ নিয়ে আগামী ১৯ তারিখে এই কমিটি বৈঠক ডেকেছে । তবে সেখানে তিনি উপস্থিত থাকতে পারবেন না বলে জানিয়ে শুভেন্দু অধিকারী ইতিমধ্যেই রাজ্যপাল সিভি আনন্দ বোস এবং কর্মীবর্গ প্রশাসনিক দপ্তরের সচিবকে চিঠি দিয়েছেন।

********************

মুখ্যমন্ত্রীর নির্দেশ তিনি ইতমধ্যেই পদত্যাগ করেছেন বলে উত্তর ২৪ পরগণার পানিহাটি পুরসভার পুরপ্রধান মলয় রায় জানিয়েছেন। আজ সংবাদ মাধ্যমের মুখোমুখি হয়ে তিনি বলেন, মহকুমা শাসকের দপ্তরে গিয়ে ইস্তফাপত্র জমা দিয়েছেন। মহকুমা শাসক সেটি পৌরসভার এক্সিকিউটিভ অফিসারকে পাঠিয়ে দিয়েছেন। বোর্ড অফ কাউন্সিলারের মিটিং-এ পরবর্তী বৈঠক করে পদত্যাগ পত্র গ্রহণ করা হবে কিনা, সে বিষয়ে নেওয়া হবে সিদ্ধান্ত।

মলয়বাবু বলেন- ( বাইট- মলয় )

********************

আগামীকাল দোলযাত্রা এবং রঙের উৎসব হোলি। পঞ্জিকা মতে আজ সকালেই শুরু হয়েছে পূর্ণিমা তিথি। চলবে আগামীকাল সকাল পর্যন্ত। আজ সারাদিন পূর্ণিমা থাকায় বিভিন্ন মন্দির ও বাড়ি বাড়ি বিশেষ পূজাপাঠের আয়োজন করা হয়েছে। এদিকে, আজ থেকেই রং-এর উৎসবে মেতে উঠেছেন সমাজের সর্বস্তরের মানুষ। স্কুল কলেজ অফিস কাছাড়িতে আগামীকাল ছুটি, তাই আজই পড়ুয়া, শিক্ষক শিক্ষিকা এবং অফিস কর্মীরা মেতে ওঠেন আবির খেলায়।

নদীয়ার নবদ্বীপ, মায়াপুর ও শান্তিপুরে দোল উৎসব এবং শ্রী চৈতন্য মহাপ্রভুর আবির্ভাব উপলক্ষে বিভিন্ন অনুষ্ঠান শুরু হয়েছে। মায়াপুরে ইসকন মন্দির ও শ্রী চৈতন্য মঠের পাশাপাশি নবদ্বীপে সোনার গৌরাঙ্গ, সমাজবাড়ি, গৌড়ীয় মঠ ও প্রাচীন মায়াপুরের বিভিন্ন মঠ মন্দিরে ভীড় জমিয়েছেন বহু মানুষ। বিভিন্ন স্থানে বসেছে মেলা।
আমাদের জেলা সংবাদদাতার একটি প্রতিবেদন- ( ভিসি অনুপম)

এদিকে, দোল-এর আগে আজ সন্ধ্যায় আয়োজন করা হচ্ছে নেড়া পোড়া বা চাঁচড়-এর। অশুভ শক্তির বিনাশ ঘটিয়ে শুভ শক্তির জয়ের প্রতীক স্বরূপ পালিত হয় এই ন্যাড়া পোড়া বা হোলিকা দহন।

রামকৃষ্ণ মঠ ও মিশনের প্রধান কার্যালয় বেলুড় মঠে এই ন্যাড়াপোড়া দেখতে বহু ভক্ত সমাগম হয়েছে। জলপাইগুড়ির রামকৃষ্ণ আশ্রমেও আজ সন্ধ্যায় হোলিকা দহনের আয়োজন করা হয়েছে, যার মধ্যে দিয়ে সূচনা হবে দোল উৎসবের।

শান্তি নিকেতনের আদলে শিলিগুড়ি কলেজে আজ পালন করা হয় বসন্ত উৎসব। ছাত্র ছাত্রছাত্রীরা রংবেরং-এর আবির নিয়ে মেতে ওঠেন উৎসবে।

ভারত বাংলাদেশ সীমান্তের পেট্রাপোলে আজ 'ল্যান্ড পোর্ট অথরিটি অফ ইন্ডিয়া', শুল্ক ও BSF-এর যৌথ উদ্যোগে পেট্রাপোল সীমান্তে এই প্রথম বসন্ত উৎসবের আয়োজন করা হয়েছে।

**********************

রাজ্য সরকার, দোল উৎসবে ঐক্য ও সম্প্রীতি বজায় রাখায় আবেদন জানিয়েছে। নবান্নে আজ রাজ্য মন্ত্রিসভার বৈঠকে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, চলতি রমজান মাসের

মধ্যে দল ও হোলি উপলক্ষ্যে যাতে কোথাও কোনো অশান্তির পরিবেশ সৃষ্টি না হয়, তা' সুনিশ্চিত করার জন্য মুখ্যমন্ত্রী মন্ত্রিসভার সব সদস্যদের সতর্ক করে দিয়েছেন। সকলকে নিজেদের এলাকায় থাকার'ও পরামর্শ দিয়েছেন তিনি।

রমজানের মধ্যেই দোল উৎসবে সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রেখে শান্তিপূর্ণভাবে পালনের জন্য **বামফ্রন্ট**'ও রাজ্যবাসীর প্রতি আবেদন জানিয়েছে। ফ্রন্টের চেয়ারম্যান বিমান বসু আজ এক বিবৃতিতে কোনোরকম প্ররোচনায় পা না দিয়ে, বিভাজন সৃষ্টির সবরকমের চেষ্টা ব্যর্থ করার আহ্বান জানান।

দোলযাত্রার প্রাক্কালে প্রদেশ কংগ্রেস কার্যালয় বিধান ভবনে আজ আবিরে রাঙিয়ে, সংগীত ও নৃত্যের মধ্যে দিয়ে পালিত হয় এই উৎসব। অংশ নেন প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার, রাজ্য সাধারণ সম্পাদক আশুতোষ চ্যাটার্জি প্রমুখ।

**********************

পাসপোর্ট জালিয়াতি কান্ডে ভদ্রেশ্বর থানার পুলিশ গতরাতে এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে। ধৃত ত্রিদিব মন্ডল ভুয়ো নথি নিয়ে জাল পাসপোর্ট তৈরী করতো বলে অভিযোগ। তাকে আজ চুঁচুড়া আদালতে তোলা হলে ১০ দিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়।

*******************************************************************